যুগান্তর

AUG 29 2002

তারিখ ...................
পৃষ্ঠা ...... কলাম ......

# ছাত্রলীগের ধিক্কার দিবস পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলে পুলিশি হামলা ও বিশ্ববিদ্যালয় বন্ধের প্রতিবাদে গতকাল ছাত্রলীগ ধিক্কার দিবস পালন করেছে। কর্মসূচির অংশ হিসাবে দুপুরে তারা নগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। মিছিল শেষে বঙ্গবন্ধু এভিনিউর দলীয় কার্যালয়ের সামনে সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপির সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর, সহ-সভাপতি বলরাম পোদ্দার, শাহজাদা মহিউদ্দিন, গোলাম সরোয়ার মামুন, খান মঈনুল ইসলাম মোস্তাক, পনিরুজ্জামান তরুণ, অলোক বণিক, মোর্শেদুজ্জামান সেলিম প্রমুখ বক্তৃতা

ধিক্কার : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

## ধিক্কার : দিবস

(৩য় পৃষ্ঠার পর)

করেন। নেতারা অবিলম্বে শামসুন্নাহার হলে সংঘটিত বর্বর হামলা ও নির্যাতনের সঙ্গে জড়িত উপাচার্য, প্রক্টর এবং শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহ্বান জানান।

এক বিবৃতিতে সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি ও সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর বলেছেন, গভীর রাতে ছাত্রী হলে পুলিশি হামলার দায়-দায়িত্ব প্রধানমন্ত্রী খালেদা জিয়াকেই নিতে হবে। তারা বলেন, বেগম খালেদা জিয়া বুয়েটে মেধাবী ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যাকাণ্ডের দায়ভার গোটা ছাত্রসমাজের ওপর চাপানোর অপচেষ্টাকে কার্যকর করতে শামসুন্নাহার হলে এ ঘটনার জন্ম দিয়েছেন।